

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৯৮

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب في المعجزا)

## আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: إِنَّ رَجُلًا كَانَ يَكْتُبُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَارْتَدَّ عَنِ الْإِسْلَامِ وَلَحِقَ بِالْمُشْرِكِينَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الْأَرْضَ لَا تَقْبَلُهُ». فَأَخْبَرَنِي أَبُو طَلْحَةَ أَنَّهُ أَتَى الْأَرْضَ الَّتِي مَاتَ فِيهَا فَوَجَدَهُ مَنْبُوذًا فَقَالَ: مَا شَأْنُ هَذَا؟ فَقَالُوا: دَفَنَاهُ مِرَارًا فَلَمْ تَقْبَلْهُ الأَرْض. مُتَّفق عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (3617) و مسلم (14 / 2781)، (7040) ـ مُتَّفَقٌ عَلَيْه)

#### বাংলা

৫৮৯৮-[৩১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী (সা.) -এর ওয়াহী লিখত। পরে সে ইসলাম হতে মুরতাদ হয়ে মুশরিকদের সাথে গিয়ে মিশলো। তখন নবী (সা.) বললেন, নিশ্চয় মাটি তাকে গ্রহণ করবে না। বর্ণনাকারী [আনাস (রাঃ) বলেন] আবৃ ত্বলহাহ্ (রাঃ) আমাকে বলেছেন, ঐ লোকটি যে স্থানে মরেছে, তিনি সেখানে গিয়ে দেখতে পান, তার (মৃত দেহটি) জমিনের উপর পড়ে রয়েছে। তখন তিনি লোকজনকে প্রশ্ন করলেন, এ লোকটির এ অবস্থা কেন? তারা বলল, আমরা কয়েকবার তাকে দাফন করেছিলাম; কিন্তু জমিন তাকে গ্রহণ করেনি। (বুখারী ও মুসলিম)

# ফুটনোট

সহীহ: বুখারী ৩৬১৭, মুসলিম ১৪-(২৭৮১), মুসনাদে আহমাদ ১২২৩৬, আস্ সুনানুস্ সুগরা ১০২৮, হিদায়াতুর রুওয়াত ৩৩২।



### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ رَجُلًا كَانَ يَكْتُبُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ) অর্থাৎ এক ব্যক্তি নবী (সা.) -এর জন্য লেখালেখি করে দিতো। তারপর সে মুরতাদ হয়ে যায়। উক্ত ব্যক্তির নামের ব্যাপারে ঐতিহাসিকদের মাঝে যথেষ্ট মতানৈক্য রয়েছে। কেউ কেউ বলেন, তার কোন নাম জানা যায় না।

আবার কেউ কেউ বলেন, তার নাম হলো 'আবদুল্লাহ ইবনু আবূ সারহ। কিন্তু এটি ভুল, কারণ তিনি মুসলিম অবস্থায় মৃত্যুবরণ করেছেন। যদিও তিনি পূর্বে খ্রীষ্টান ছিলেন, কিন্তু পরবর্তীতে তিনি ইসলাম গ্রহণ করেছিলেন এবং সূরা আল বাক্বারাহ্ ও আ-লি ইমরান শিখেছেন। যে ব্যক্তি মুরতাদ হয়ে যায় সে আবার মুশরিকদের সাথে গিয়ে মিলিত হয়। সে আল্লাহর রাসূল (সা.) -এর ব্যাপারে এই অপবাদ দিয়েছিল যে, আমি যা লিখি মুহাম্মাদ শুধু তাই জানে। অন্য কিছু জানতে পারে না। পরে রাসূল (সা.) তার ব্যাপারে বলেন, মাটি তাকে গ্রহণ করবে না। মিরকাত প্রণেতা বলেন, সে যখন মৃত্যুবরণ করল তখন তার লোকেরা তাকে দাফন করল। কিন্তু পরে দেখা গেল যে, জমিন তাকে উপরে তুলে রেখেছে। তখন তার লোকেরা বলল, এটি মুহাম্মাদ ও তার সাহাবীদের কাজ। তাই তারা আবারো গভীর গর্ত করে তাকে দাফন করল। কিন্তু তারপরেও দেখা গেল যে, জমিন তাকে উপরে তুলে রেখেছে।

অতঃপর তারা বুঝতে পারল যে, এটি কোন মানুষের কাজ নয়। তাই তারা তাকে মাটির উপরেই ফেলে রেখে দিলো। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন